

**ইউরোপীয় ইউনিয়নের উচ্চ পর্যায়ের প্রতিনিধি
ভারত সফর (২১-২২ এপ্রিল, ২০১৭)**

ইউরোপীয় ইউনিয়নের উচ্চ পর্যায়ের প্রতিনিধি তথা ভাইস প্রেসিডেন্ট মাননীয়া শ্রীমতি ফেডারিকা মোঘেরিনি ভারতে একটি সরকারি সফর করেন ২১-২২ এপ্রিল, ২০১৭।

উচ্চ পর্যায়ের প্রতিনিধি সাক্ষাৎ করে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদির সঙ্গে। শ্রীমতি মোঘেরিনি প্রতিনিধি পর্যায়ের বৈঠক করেন পররাষ্ট্র মন্ত্রী শ্রীমতি সুষমা স্বরাজ এবং প্রতিমন্ত্রী শ্রী এম জে আকবরের সঙ্গে।

তাঁরা বৈঠকে বন্ধুত্বপূর্ণ এবং উন্মুক্ত পরিবেশে পারস্পরিক স্বার্থজরিত দ্বিপাক্ষিক, আধ্যাত্মিক এবং আন্তর্জাতিক বিষয় নিয়ে মত বিনিময় করেন। দু'পক্ষই তাদের কৌশলগত অংশীদারিত্বকে মজবুত করার বিষয়ে তাদের অঙ্গীকার পুনর্ব্যক্ত করেন। দু'পক্ষ ২০১৬ এর মার্চে ব্রাসেলসে ভারত-ইউ শিখর বৈঠকে সন্ত্রাস দমন, অভিবাসন এবং গতিশীলতা, জল অংশীদারিত্ব, পরিচ্ছন্ন শক্তি এবং জলবায়ু পরিবর্তন কর্মসূচি-সহ বিভিন্ন ক্ষেত্রে সংঘটিত প্রতিশ্রূতির পর্যালোচনা করেন।

গতকাল প্যারিসে সন্ত্রাসবাদী হামলার তীব্র নিন্দা করা হয়, পররাষ্ট্রমন্ত্রী জোর দিয়ে বলেন সন্ত্রাসবাদ আজকের দিনে মানবতাবাদের পক্ষে সব থেকে বড় ভূমিকা এবং ভারত ও ইউ সন্ত্রাসবাদের সব রকম ধরণ এবং প্রকারের বিরুদ্ধে লড়াইয়ের সহযোগিতা আরও জোরদার করবে এবং সন্ত্রাসবাদ দমনে কঠোর পদক্ষেপ প্রদর্শন করবে।

২০১৬ সালে ৮৫ বিলিয়ন মার্কিন ডলার বিনিময়ের মধ্য দিয়ে ইউ ভারতের অন্যতম বৃহত্তম দ্বিপাক্ষিক বাণিজ্যিক অংশীদার। এছাড়াও ইউ ভারতীয় দ্রব্য রফতানির সব থেকে বড় গন্তব্য, বিনিয়োগ এবং কার্টিং এডজ প্রযুক্তির প্রধান উৎস। ভারত ইউ সংস্থাগুলিকে বিভিন্ন ফ্ল্যাগশিপ কর্মসূচি যেমন — পরিচ্ছন্ন ভারত, নয়ামি গঙ্গা, দক্ষতা ভারত, স্টার্ট আপ ইন্ডিয়া, স্মার্ট সিটি, পুনর্বিকরণ শক্তি এবং নেক্সট জেনারেশন অবকাঠামো-সহ বিভিন্ন ক্ষেত্রে বিনিয়োগ আরও বাড়ানোর আবেদন রাখে। উভয় পক্ষ ভারত-ইউ ব্রড ব্রেসড ট্রেড অ্যান্ড ইনভেস্টমেন্ট চুক্তি আরও এগিয়ে নিয়ে যাওয়ার বিষয়ে মত বিনিময় করে।

বিশ্বের সব থেকে বড় গণতান্ত্রিক দেশ হিসাবে ভারত ও ইউ স্বাভাবিক অংশীদার। ভারত ইউরোপীয় ইউনিয়নের সঙ্গে বহুমুখী কৌশলগত অংশীদারিত্বকে মূল্য দেয় এবং নিজেদের ও বিশ্বজনিন শান্তি ও সমৃদ্ধির জন্য এই সম্পর্ক আরও জোরদার করার কথা বলেন তাঁরা।

নয়াদিল্লি

এপ্রিল ২১, ২০১৭